



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) 'র নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: আব্দুল কাইয়ুম
পরিচালক (যুগ্মসচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
তারিখ : ২০ আগস্ট, ২০১৮ খ্রি.
সময় : সকাল ১০.০০ টা
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সভাকক্ষ
উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

আলোচনা:

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার শুরুতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর কর্তৃক প্রণীত ২০১৮-১৯ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো এর বিভিন্ন দিক পর্যালোচনা করেন। সভায় জানানো হয়, বিগত অর্থবছরগুলোতে জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ কাঠামোয় নম্বর প্রদান পদ্ধতি না থাকলেও এ অর্থবছরে প্রথমবারের মত নম্বর প্রদান পদ্ধতি অন্তর্ভুক্ত করা হয়েছে। বিগত অর্থবছরগুলোর ন্যায় এ বছরও জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য ব্যুরো'র কর্মকর্তা-কর্মচারীদেরকে অধিক মনোযোগী হওয়ার উপর গুরুত্ব আরোপ করা হয়। কর্মপরিকল্পনা অনুযায়ী কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তাদেরকে দিক নির্দেশনা প্রদান করা হয়।

কর্মপরিকল্পনা অনুযায়ী চলতি ২০১৮-১৯ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নের উপর আলোচনা করা হয়। ১ম কোয়ার্টারের উল্লেখযোগ্য লক্ষ্যমাত্রাসমূহ হলো স্ব স্ব ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্স হালনাগাত করা, অংশীজনের অংশগ্রহণে একটি সভা আয়োজন করা এবং ২০১৮-১৮ অর্থবছরে ক্রয় পরিকল্পনা প্রণয়ন করাসহ ইত্যাদি।

সভায় ব্যুরো'র আইসিটি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা সহকারী পরিচালক (সংযুক্ত) এস.এম. আশরাফুল আবেদীন আশা জানান, চলতি ২০১৮-১৯ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়নের সাথে সাথেই ব্যুরো'র ওয়েবসাইটের শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করা হয়েছে।

সভাপতি দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে অত্র দপ্তরে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন। সভায় জানানো হয়, শতভাগ ইউনিকোডে চিঠিপত্র নিষ্পত্তিসহ বর্তমানে প্রায় অধিকাংশ নথি ই-ফাইলিং পদ্ধতিতে নিষ্পত্তি হচ্ছে। সভাপতি ই-ফাইলিং পদ্ধতিতে নথি নিষ্পত্তির উপর আরো বেশি জোর দিতে বলেন এবং সেবাগ্রহীতাগণ যাতে দ্রুত সেবা পায় তার ব্যবস্থা করতে হবে।


অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর হতে-

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- (১) নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটের সেবাবক্সসমূহসহ প্রয়োজনীয় সকল তথ্য হালনাগাদ করতে হবে।
- (২) অংশীজনের অংশগ্রহণে একটি সভা আয়োজন করতে হবে।
- (৩) কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য ইন-হাউজ প্রশিক্ষণ কর্মসূচী অব্যাহত রাখতে হবে।
- (৪) দপ্তরে আগত সেবাগ্রহীতাদের সাথে সৌজন্যমূলক আচরণ করতে হবে এবং সিটিজেন্স চার্টার অনুসরণপূর্বক সেবা প্রদান করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মো: আব্দুল কাইয়ুম)
পরিচালক (যুগ্মসচিব)
ও
সভাপতি, নৈতিকতা কমিটি

২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩, ১১৬

তারিখ: ১১ ভাদ্র ১৪২৫
২৬ আগস্ট ২০১৮

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

- ১। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
 - ২। কর্মকর্তা (সকল)..... বিএমডি, ঢাকা।
 - ৩। কর্মচারী (সকল)..... বিএমডি, ঢাকা।
- ১৩। সংশ্লিষ্ট নথি।


(মো: আব্দুল কাইয়ুম)
পরিচালক (যুগ্মসচিব)